

# এই নগরীতে



## আহমেদ সাবের

দেখি যদি তারে, কভু সেন্ট্রালে,  
যাবো মার্টিনে, হেসে আর খেলে,  
হাইড পার্কে দিয়ে দাবা চাল  
কাটবে সময়, কাটবে সকাল।  
দুজনে দুজনার হাত দুটি ধরে  
চলে যাব শেষে অপেরার পরে  
বোটানি বাগানে, শ্যামলের বন ছায়।  
কোন দিন যদি দেখা হয়ে যায়।

চলো ডার্লিং এ, তাও নয় দূরে -  
যদি চাও যেতে মহারানী ঘুরে।  
সেখানে কাঁচের আঁধারে মাছেরা,  
দেখো নিরাপদে করে ঘুরা ফেরা।  
পাশেই পশুরা, পাখীদের দল  
খাঁচার ভিতরে করে কলকল -  
পাশাপাশি বসে দিবসের আড্ডায়।  
কোন দিন যদি দেখা হয়ে যায়।

এই নগরীর ব্যস্ত শরীরে,  
সন্ধ্যা ঘনালে চল ধীরে ধীরে  
টাওয়ারে উঠে আলো আধারিতে  
কাটবে সময় মন দিতে নিতে।  
দেখবো বাহিরে আলোর মালায়  
হাসছে শহর মুক্তো থালায়।  
ক্লাবে পাবে ওই জাগছে নগর,  
অধরের সাথে মিলছে অধর,  
হাতে হাত রেখে, মিলে গায়ে গায়া  
কোন দিন যদি দেখা হয়ে যায়।